

তারিখ
 পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১ ...

চট্টগ্রাম ভাসিটির শাটল ট্রেন অপরাধীদের স্বর্গরাজ্য

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদ-
 দাতা ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের
 শাটল ট্রেন অপরাধীদের স্বর্গরাজ্যে
 পরিণত হয়েছে। রাতের ট্রেনে
 যাত্রারাতের সময় ছাত্র-ছাত্রীদের
 সর্বস্ব ছিনতাই ও মারধরের ঘটনা
 প্রতিদিন ঘটেছে। রেল কর্তৃপক্ষ ও
 বিশ্ববিদ্যালয় প্রশাসন ছাত্র-ছাত্রী-
 দের নিরাপত্তা নিশ্চিত করার
 পরিবর্তে শাটল ট্রেনে ভ্রমণকারী-
 দেরকে সতর্ক থাকার পরামর্শ
 দিয়ে বিজ্ঞপ্তি জারি করেছে।
 সূত্র জানায়, গত এক সপ্তাহে বিশ্ব-
 বিদ্যালয়ের শাটল ট্রেনে সন্ত্রাসীরা
 উপর্যুপরি হামলা চালিয়ে ছাত্র-
 ছাত্রীদের টাকা, মোবাইল টেলি-
 ফোন ও মূল্যবান জিনিষপত্র ছিন-
 তাই করেছে। এ সময় সন্ত্রাসীদের
 হামলায় ৭ জন ছাত্র আহত হয়।
 এদের অধিকাংশই চুরিকাহত।
 প্রতিদিন সন্ত্রাসী হামলা ও ছিনতাই-
 য়ের ঘটনার পরিপ্রেক্ষিতে অধি-

কাংশ ছাত্র-ছাত্রী রাতের ট্রেনে
 চড়া ছেড়ে দিয়েছে। শহর থেকে
 রাত ৮টায় ক্যাম্পাসগামী এবং
 রাত ৯টায় শহরগামী ট্রেন যোলশহর
 ও ঝাউতলা স্টেশনে থামলে সন্ত্রাসীরা
 বগিতে উঠে ছাত্রছাত্রীদের মারধর
 করে সর্বস্ব ছিনিয়ে নিয়ে যায়।
 ইতিপূর্বে-চলন্ত ট্রেন থেকে ছাত্রদের
 ফ্রেন্সের মার ঘটনাও ঘটেছে। চুরি-
 কাহত হয়ে এক ছাত্র এখনো চট্টগ্রাম
 মেডিকেল কলেজ হাসপাতালে
 চিকিৎসাধীন। এসব ঘটনায় বিশ্ব-
 বিদ্যালয় কর্তৃপক্ষ এক সতর্কতা-
 মূলক বিজ্ঞপ্তি জারি করেই দায়
 সেরেছে।